

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
www.tungipara.gopalganj.gov.bd

সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা সম্পর্কে অবহিতকরণ ও দুর্নীতি বিরোধী জনসচেতনতা বৃদ্ধিকরণ
কর্মসূচী বাস্তবায়ন সম্পর্কিত কমিটির অক্টোবর ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মঈনুল হক, উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
সভার তারিখ : ১৭/১০/২০২৪ খ্রি.
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : 'বহুকঠ' উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
উপস্থিতি : পরিশিষ্ট-ক-দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। উপজেলা/ইউনিয়ন পর্যায়ে দুর্নীতি প্রতিরোধ কমিটির মাসিক সভা নিয়মিত আয়োজন করা এবং সভায় সকল সদস্য/প্রতিনিধিদের উপস্থিত থাকার বিষয়ে সকলকে অনুরোধ করেন।


সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়

ক্র. নং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	উপজেলা প্রশাসনে বিভিন্ন কার্যক্রমে স্বচ্ছতা	কর্মকর্তা/কর্মচারীদের কাজকর্মে স্বচ্ছতা বজায় রাখার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান নিয়মিত তদারকি করবেন।	০১। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান
০২.	সহকারী কমিশনার (ভূমি) ও ইউনিয়ন ভূমি অফিসের কাজকর্মে স্বচ্ছতা	উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসের সেবা প্রদানে স্বচ্ছতা বজায় রাখার জন্য নিয়মিত পরিদর্শন করত: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে। অনলাইন ভিত্তিক সেবা প্রদানের ক্ষেত্রে অধিক গুরুত্বারোপ এবং অধিকতর সহজীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। সহকারী কমিশনার (ভূমি), টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
০৩.	দুর্নীতিমুক্ত সমাজ গঠন	দুর্নীতিমুক্ত সমাজ গঠনের ক্ষেত্রে উপজেলা পর্যায়ের সর্ব স্তরের জনগণকে সম্পৃক্তকরণ নিশ্চিত করতে হবে। দুর্নীতি বিরোধী সমাজ গঠনে সর্বাঙ্গিক ভূমিকা রাখার জন্য সকলকে পরামর্শ প্রদান করা হয়।	০১। উপজেলা পর্যায়ের কর্মকর্তা (সকল) ০২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
০৪.	দুর্নীতি বিরোধী লিফলেট প্রচার	শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবক ও এলাকার গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে স্কুল, কলেজ ও অন্যান্য প্রতিষ্ঠানে দুর্নীতি বিরোধী সভার আয়োজন করে দুর্নীতি বিরোধী প্রচার ও প্রচারণা অব্যাহত রাখতে হবে।	০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ০২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
০৫।	অভিযোগ বাস্তব	সকল শ্রেণির মানুষ ও সেবা প্রত্যাশীরা যাতে সেবার বিষয়ে অভিযোগ/পরামর্শ লিখিতভাবে জমা দিতে পারে সে লক্ষ্যে অভিযোগ বাস্তব স্থাপন ও প্রাপ্ত অভিযোগের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান ০৩। অফিসার ইন চার্জ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ



০৬।	সিটিজেন চার্টার	প্রতিটি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রধান ফটকে বাধ্যতামূলক সিটিজেন চার্টার প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান
-----	-----------------	--	--

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ অবস্থান থেকে দেশপ্রেমের মহান আদর্শে উজ্জীবিত হয়ে দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয় ও দায়িত্বশীলতার পরিচয় দেবার অনুরোধ জ্ঞাপনপূর্বক সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১৭.১০.২৪

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
www.tungipara.gopalganj.gov.bd

স্মারক নং ০৫.৩০.৩৫৯১.০০৬.২৯.০০৬.২১- ৫-৫৬

তারিখ: ০২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/ শিক্ষা ও আইসিটি), বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গোপালগঞ্জ।
- ৫। উপজেলা আইসিটি অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ (ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৬। জনাব.....।


১৭.১০.২৪
উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ